যুগান্তর

তারিখ ... 12 MAR. 2009
পৃষ্ঠা ... কলাম ...

প্রশ্নপত্রে ভুল ও অন্যান্য জটিলতা

# পাঁচ শিক্ষা বোর্ডকে মন্ত্রণালয়ের শোকজ

যুগান্তর রিপোর্ট

চলতি এসএসসি পরীক্ষার প্রশ্নপত্রে ভুলসহ নানা জটিলতার দায়ে তিনটি সাধারণ শিক্ষাবোর্ডের চেয়ারম্যানকে কারণ দর্শানোর নোটিশ দিচ্ছে শিক্ষা মন্ত্রণালয়। একই সঙ্গে মাদ্রাসা শিক্ষাবোর্ড এবং কারিগরি শিক্ষাবোর্ডের বিভিন্ন পরীক্ষায় অনুপস্থিতির সংখ্যা বেশি হওয়ায় এই দুটি বোর্ডের চেয়ারম্যানকেও কারণ দর্শানোর নোটিশ দেয়া হচ্ছে। শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বশীল সূত্রে এ কথা জানা গেছে।

চলতি বছর এসএসসি পরীক্ষায় রাজশাহী শিক্ষা বোর্ডের বাংলা প্রথম পত্রের প্রশ্নপত্রে ভুল, কুমিল্লা শিক্ষা বোর্ডের বাংলা প্রথম পত্রের 'সহপাঠ' অংশে এক নাটক পড়িয়ে অন্য নাটকের ওপর প্রশ্ন করা, যশোর বোর্ডের ইংরেজি প্রশ্নপত্রে বানান ভুলের কারণে শোকজ করা হচ্ছে। এতে ৩টি বোর্ডের ক্ষতিগ্রস্ত শিক্ষার্থীদের জন্য কি পদক্ষেপ নেয়া হয়েছে তাও জানতে চাওয়া হচ্ছে ওই শোকজ পত্রে। সূত্র নিশ্চিত করেছে, বুধবার ওই শোকজ দেয়ার সিদ্ধান্ত চূড়ান্ত হয়েছে। আজ অথবা আগামীকাল পত্র যাবে সংশ্লিষ্ট বোর্ডগুলোতে।